

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫১৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, হাদীসটি আয়িশা রাদিয়াল্লাহু আনহা এককভাবে বর্ণনা করেছেন, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هَذَا الْخَبَرَ تَفَرَّدَتْ بِهِ عَائِشَةُ

## আরবী

2519 \_ أَخْبَرَنَا أَبُو عَرُوبَةَ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الصَّوَّافُ قَالَ: حَدَّثَنَا سَالِمُ بِنُ نُوحٍ الْعَطَّارُ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يَكُنْ يُصَلِّي الضحى إلا أن يَقْدَمَ من غيبة

الراوي: ابْن عُمرَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2519 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق على صحيح البن خزيمة)) (1229).

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: نفيُ ابْنِ عُمرَ وَعَائِشَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ سَفَرٍ أَوْ مغيبةٍ - أَرَادَ بِهِ فِي الْمَسْجِدِ بِحَضْرَةِ النَّاسِ دُونَ الْبَيْتِ وَذَاكَ أَنَّ مِنْ خُلُق الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا قَدِمَ مِنْ سَفَرٍ بَدَأَ الْبَيْتِ وَذَاكَ أَنَّ مِنْ خُلُق الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِينَةَ بِالْمَسْجِدِ فَرَكَعَ فِيهِ رَكْعَتَيْنِ فَكَانَ أَكْثَرُ قَدُومِ الْمُصِطْفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدينَة مِنْ الْأَسْفَارِ وَالْغَزَوَاتِ كَانَ ضُحًى مِنْ أَوَّلِ النَّهَارِ وَنَهَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَطْرُقَ الرَّجُلُ أَهله ليلاً.

## বাংলা

২৫১৯. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম চাশতের সালাত আদায় করতেন না। তবে যদি তিনি সফর থেকে ফিরে আসতেন (তখন পড়তেন)।"[1]



আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "আবুল্লাহ বিন উমার এবং আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহুম সফর বা প্রবাস থেকে আসা ছাড়া অন্য সময়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক চাশতের সালাত না করা মর্মে যা বর্ণিত হয়েছে এর দ্বারা উদ্দেশ্য হলো লোকজনের উপস্থিতিতে মাসজিদে আদায় করা; বাড়িতে আদায় করার বিষয়টি নাকচ করা উদ্দেশ্য নয়। কারণ হলো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আদর্শ ছিল যখন তিনি সফর থেকে বাড়িতে আগমন করতেন, তখন তিনি প্রথমে মাসজিদে আসতেন এবং দুই রাকা'আত সালাত আদায় করতেন। আর বিভিন্ন সফর ও যুদ্ধ থেকে মদীনায় আগমন করা অধিকাংশ সময় দিনের প্রথম ভাগে চাশতের সময় হতো। আর তিনি সফর থেকে এসে রাতে বাড়িতে কড়া নাড়তে নিষেধ করেছেন।"

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/২১৮; সহীহ মুসলিম: ৭১৭; আবৃ দাউদ: ১২৯২; নাসাঈ: ৪/১৫২; সুনান বাইহাকী: ৩/৫০; আবৃ আওয়ানা: ২/২৬৮; সুনান বাইহাকী: ৩/৪৯-৫০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকু আলা সহীহ্ ইবনু খুযাইমাহ: ১২২৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন